গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা গণপূর্ত জোন

এবং

প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৮ - জুন ৩০, ২০১৯

## সূচিপত্র

গণপূর্ত অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

প্রস্তাবনা

সেকশন ১ : গণপূর্ত অধিদপ্তরের রূপকল্প (Vision) , অভিলক্ষ্য (Mission) , কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

সেকশন ২ : গণপূর্ত অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্তফলাফল/প্রভাব (Outcome/Impact)

সেকশন ৩ :কৌশলগত উদ্দেশ্য ,অগ্রাধিকার ,কার্যক্রম ,কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ,বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি

সংযোজনী ৩:কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা

# গণপূর্ত অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of the Public Works Department)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎপরিকল্পনা:**

- সাম্প্রতিক বছরসমূহের **(৩বছর)** প্রধান অর্জনসমূহঃ গণপূর্ত অধিদপ্তরের ৭টি আঞ্চলিক জোনের মধ্যে গণপূর্ত ঢাকা জোন অন্যতম। এই জোনের অধীনে ৬টি সার্কেল ও ২৮টি গণপূর্ত বিভাগ রয়েছে। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের নিজস্ব কাজসহ অন্যান্য মন্ত্রণালয়ের নির্মাণ কাজসমূহ ঢাকা গণপূর্ত জোনের নেতৃত্বে সম্পন্ন হচ্ছে। বিগত বছরগুলোতে বেশ কিছু গুরুত্বপূর্ণ প্রকল্প গণপূর্ত ঢাকা জোন বাস্তবায়ন সম্পন্ন করেছে। অতিরিক্ত প্রধান প্রকৌশলী**,** ঢাকা জোন এর দপ্তর বিভিন্ন মন্ত্রণালয়ের এডিপি প্রকল্পসমূহ বাস্তবায়ন মনিটরিং করে থাকে। বর্তমানে ঢাকার আজিমপুরে ৪৫৬টি এবং মতিঝিলে ৫৩২টি ফ্ল্যাট, জাতীয় সংসদ ভবনের কর্মকর্তা-কর্মচারীদের জন্য ৪৪৮ টি ফ্ল্যাট, সুপ্রিম কোর্টের মাননীয় বিচারপতিদের জন্য ৭৬টি ফ্ল্যাট নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে এবং আজিমপুর, মতিঝিল, মিরপুর, বেইলি রোড, ইস্কাটন, নারায়নগঞ্জ প্রভৃতি এলাকায় আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকলসমূহ চলমান রয়েছে। তাছাড়া চলতি অর্থ বছরে বাংলাদেশ সচিবালয়ের অভ্যন্তরে অর্থ মন্ত্রণালয়ের জন্য ২০-তলা অফিস ভবন নির্মাণ কাজ চলমান রয়েছে। ভুমিকম্পে ঝুকিপূর্ণ ভবনসমূহের নিরাপত্তা নিশ্চিত করণের জন্য দক্ষ জনবল তৈরির উদ্দ্যেশে CNCRP এর একটি প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে এবং নগরাঞ্চলে ভবন সুরক্ষা প্রকল্পসহ গণপূর্ত অধিদপ্তরের দুযোর্গ ঝুকি হ্রাসে ভবন সুরক্ষা উন্নতিকরন ( কারিগরী সহায়তা প্রকল্প) প্রকল্প চলমান রয়েছে। অপরদিকে অত্র অধিদপ্তরের নিয়মিত কর্মকান্ড হিসেবে গত অর্থ বছরে বহিভুক্ত সরকারি অফিস ভবন এবং বাসভবনসমূহের প্রায় ২৫.২০ লক্ষ বর্গমিটার প্লিন্থ এরিয়ার বিভিন্ন প্রকার সংরক্ষণ ও মেরামত কাজ সম্পন্ন করা হয়।

**সমস্যাসমূহ**

- ডিপিপি অনুমোদনে দীর্ঘ প্রক্রিয়া।
- জমি অধিগ্রহনে জটিলতা ও দীর্ঘসূত্রিতা
- কাজের অগ্রগতির সাথে সামঞ্জস্যপূর্ণ হারে অর্থ বরাদ্দ না পাওয়া।
- নির্মাণ কাজের সাথে সংশ্লিষ্ট অন্যান্য সেবা প্রদানকারী সংস্থার সমন্বয়হীনতা।
- প্রত্যাশী কর্তৃপক্ষ এবং গণপূর্ত অধিদপ্তরের মধ্যে কতিপয় ক্ষেত্রে সমন্বয়হীনতা।
- নির্মান সামগ্রীর মূল্য বৃদ্ধির সাথে প্রকল্প ব্যয়ের সমন্বয় সাধন না হওয়া।
- পর্যাপ্ত জনবলের অভাবের পাশাপাশি বিদ্যমান জনবলের প্রয়োজনীয় প্রশিক্ষনের স্বল্পতা।
- সর্বশেষ প্রযুক্তির বিষয়ে প্রকৌশলীদের প্রশিক্ষণের সীমিত সুযোগ।

**চ্যালেঞ্জ ও সম্ভাবনাসমূহ**

১। ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার আওতায় আবাসিক এবং অনাবাসিক সরকারি ভবন নির্মাণ কাজের অগ্রগতি নিশ্চিত করার মাধ্যমে নাগরিক বান্ধব শহর ও অবকাঠামো গড়ে তুলতে হবে। এক্ষেত্রে সুষম উন্নয়নের লক্ষ্যে সকল দপ্তর ও অধিদপ্তরের মধ্যে সমন্বয় নিশ্চিত করা জরুরী। এর ধারাবাহিকতায় গণপূর্ত অধিদপ্তর সরকারের উন্নয়ন নীতিমালা, দিক নির্দেশনা ও পরিকল্পনা মাফিক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করবে।

২। সঠিক প্রকল্প ব্যবস্থাপনা নিশ্চিতকরার মাধ্যমে প্রকল্প ব্যয় ও প্রকল্প বাস্তবায়নের সময়সীমা যৌক্তিকিকরন করতে হবে। গণপূর্ত অধিদপ্তর নিজস্ব অভিজ্ঞ প্রকৌশলী দ্বারা যথাযথ সময়ে মানসম্মত নির্মাণ প্রকল্প বাস্তবায়নে বদ্ধপরিকর। টেকসই নির্মাণ কাজের সেবা যথাসময়ে জনগণের নিকট উন্মুক্ত করা সম্ভব হলে অর্থনীতিতে ইতিবাচক পরিবর্তন আসবে।

৩। গণপূর্ত অধিদপ্তর ইতিমধ্যে প্রতিযোগিতামূলক সময়ে বৃহৎ প্রকল্প বাস্তবায়নে সক্ষমতা দেখিয়েছে। রুপপুর পারমানবিক প্রকল্পে মাত্র ১৩ মাসে ২০ তলা ভবন নির্মাণ করে "বসবাস-উপযোগী সনদ" সহ প্রত্যাশী কর্তৃপক্ষের নিকট বুঝিয়ে দেয়া হয়েছে। গতিশীল নির্মাণ কাজের সক্ষমতার অপার সম্ভাবনাকে কাজে লাগিয়ে দেশের সকল স্থানে যেকোন প্রকার অবকাঠামো নির্মাণ কাজ নুন্যতম সময়ে সম্পন্নের লক্ষ্যে গণপূর্ত অধিদপ্তর কাজ করছে। আন্তর্জাতিক মান ও নিয়ম রক্ষা করে দ্রুততম সময়ে অবকাঠামো নির্মাণ দেশে বিদেশী বিনিয়োগ বৃদ্ধিতে তাৎপর্যপূর্ণ ভূমিকা রাখবে। দেশে অর্থনৈতিক কর্মকান্ড বৃদ্ধির পাশাপাশি কর্মসংস্থান বৃদ্ধি পাবে। এতে মাথাপিছু আয় বৃদ্ধির পাশাপাশি মানব উন্নয়ন সূচকে ইতিবাচক পরিবর্তন আসবে।

৪। গণপূর্ত অধিদপ্তর সারাদেশে ছোট-মধ্যম-বৃহৎ নির্মাণ কাজ / প্রকল্প বাস্তবায়ন করছে। ভবিষ্যতে ক্রমেই এ নির্মাণ কলেবর বৃদ্ধি পাবে। দেশের নির্মাণ শিল্পে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে লক্ষ লক্ষ দক্ষ, আধাদক্ষ ও অদক্ষ মানব সম্পদ নিয়োজিত। অধিদপ্তরের দক্ষ প্রকৌশলীদের তত্ত্বাবধানে নির্মাণশিল্পে নিয়োজিত নবীন প্রকৌশলীদের অভিজ্ঞতা অর্জনের সুযোগ সৃষ্টিসহ বিপুল সংখ্যক আধাদক্ষ ও অদক্ষ শ্রমিকের দক্ষতা অর্জনের সুযোগ রয়েছে। প্রকৌশলী, কোয়ান্টিটি সার্ভেয়ার, ফোরম্যান, মেকানিক, রাজমিস্ত্রি, রডমিস্ত্রি, রংমিস্ত্রি, বৈদ্যুতিক মিস্ত্রি, শীতাতপ নিয়ন্ত্রণ বিষয়ক মেকানিকসহ লক্ষ লক্ষ দক্ষ কারিগরি জ্ঞানসম্পন্ন মানব সম্পদ সৃষ্টির সুযোগ রয়েছে। এ সকল দক্ষ মানব সম্পদ দেশ বিদেশে সহজেই উচ্চ বেতনে নিয়োজিত হতে পারবে। ফলে বৈদেশিক আয় বৃদ্ধির পাশাপাশি জিডিপি বৃদ্ধি পাবে।

৫। গণপূর্ত অধিদপ্তর সরকারের অফিস ও আবাসিক স্থাপনার রক্ষণাবেক্ষণ করে থাকে। রক্ষণাবেক্ষণ কাজের গুনগত মান রক্ষা করে যথাসময়ে কাজ বাস্তবায়নে গণপূর্ত অধিদপ্তর সচেষ্ট রয়েছে। সারাদেশে অবস্থিত সরকারি ভবনাদির বিস্তারিত তথ্য উপাত্ত হালনাগাদ করা হয়েছে। ভবন ভিত্তিক রক্ষণাবেক্ষণ কাজের ডাটাবেজ ব্যবহারের মাধ্যমে পরিবীক্ষণ ব্যবস্থা জোরদার করা হচ্ছে। ভবনে বসবাসকারীগনের সুবিধার্থে "অনলাইন অভিযোগ ব্যবস্থা" চালু করা হয়েছে। টেকসই, জবাবদিহি ও অংশগ্রহনমূলক রক্ষণাবেক্ষণ ব্যবস্থা চালু করাই গণপূর্ত অধিদপ্তরের লক্ষ্য।

৬। লাগসই ও সাশ্রয়ী মূল্যের সফটওয়্যার ব্যবহার বৃদ্ধির মাধ্যমে প্রকল্প ব্যবস্থাপনা কার্যক্রম চালু রাখতে গণপূর্ত অধিদপ্তর বদ্ধ পরিকর। বিদেশী সফটওয়্যারের পরিবর্তে দেশে সহজলভ্য সফটওয়্যার ব্যবহারকে অগ্রাধিকার প্রদান আবশ্যক। গণপূর্ত অধিদপ্তর ইতিমধ্যেই পিএমআইএস বা প্রকল্প পরিবীক্ষণ ও বাস্তবায়ন পদ্ধতি প্রবর্তন করেছে। এ পদ্ধতি প্রকল্পের চুক্তি ব্যবস্থাপনা বা কন্ট্রাক্ট ম্যানেজমেন্ট কাজে অত্যন্ত কার্যকরী। এছাড়া সরকারি পরিকল্পনা মোতাবেক ই-টেন্ডারিং, ই-নথিসহ দাপ্তরিক কাজ ডিজিটালাইজেশনে গণপূর্ত অধিদপ্তর সমান গতিতে কাজ করছে। আগামী দিনগুলোতে অধিদপ্তরের প্রকৌশলী ও দেশীয় তথ্য প্রযুক্তিবিদগণের উদ্ভাবিত সফটওয়্যার, অ্যাপস ইত্যাদি ব্যবহারকে অগ্রাধিকার দিয়ে কাজ করাই এ অধিদপ্তরের লক্ষ্য।

৭। Energy-efficient নির্মাণকাজ আগামী দিনগুলোর একটি অতি চাহিদা সম্পন্ন সেক্টর। এ সম্ভাবনাময় জগতে ইতিমধ্যেই গণপূর্ত অধিদপ্তর প্রবেশ করেছে। ভবন নির্মাণ প্রকল্পে নবায়নযোগ্য জ্বালানীর সংস্থান রাখা হচ্ছে। Energy-efficient বিইএমএস (বিল্ডিং এনার্জি ম্যানেজমেন্ট সিষ্টেম) এর সংস্থান রেখে ভবনের ইলেক্ট্রো-মেকানিক্যাল যন্ত্রপাতির ডিজাইন করা হচ্ছে। নির্মাণ কাজে দেশীয় প্রযুক্তি ও নির্মাণ সামগ্রী ব্যবহার নিশ্চিত করা সহ পরিবেশ বান্ধব নির্মাণে গুরুত্ব দেয়া হচ্ছে। ফলে আগামী দিনগুলোতে টেকসই ও সাশ্রয়ী নির্মাণ কাজ নিশ্চিত করা সম্ভব হবে।

৮। গণপূর্ত অধিদপ্তর ভূমিকম্প সহনীয় নির্মাণ কাজকে গুরুত্ব দিচ্ছে। ভবন নির্মাণে ভূমিকম্প সহনীয় ডিজাইন এর সংস্থান রাখা হচ্ছে। পুরনো সরকারি ভবনগুলিকে প্রয়োজন ও গুরুত্ব অনুযায়ী ভূমিকম্প সহনীয় ব্যবস্থা বা রেট্রোফিটিং এর আওতায় আনা হচ্ছে। এরইমধ্যে দেশের কয়েকটি স্থানে রেট্রোফিটিং কাজ বাস্তবায়ন করা হয়েছে। এ অধিদপ্তরে এতদসংক্রান্ত দক্ষ প্রকৌশলী রয়েছে, প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে আরও নতুন মানব সম্পদ তৈরি করা হচ্ছে। আগামী দিনগুলোতে ভূমিকম্প সহনীয় ব্যবস্থাপনায় গণপূর্ত অধিদপ্তর অগ্রণী ভূমিকা পালন করবে।

**ভবিষ্যৎপরিকল্পনা**

➢ ঢাকা এবং অন্যান্য বিভাগীয় শহরে সরকারি কর্মকর্তাদের আবাসিক সমস্যা সমাধানের জন্য আবাসিক ভবন এবং সম্প্রসারিত কর্মপরিবেশের চাহিদা পূরণের লক্ষ্যে বিবেচনাধীন উল্লেখযোগ্য প্রকল্পসমূহের তালিকাঃ
  - জাতীয় সচিবালয় কমপ্লেক্স নির্মাণ। (প্রকল্পের স্থান- শেরেবাংলা নগর, ঢাকা)
  - কর্মচারী কল্যান বোর্ড ভবন (কল্যান ভবন) নির্মাণ। (প্রকল্পের স্থান- দিলকুশা, ঢাকা)
  - ঢাকাস্থ বেইলী ড্যাম্প অফিসার্স কোয়ার্টার ক্যাম্পাসে সরকারী আবাসিক ফ্ল্যাট নির্মাণ। (প্রকল্পের স্থান- বেইলী রোড, ঢাকা)
  - ঢাকাস্থ আজিমপুর সরকারী কলোনীতে বহুতল আবাসিক ফ্ল্যাট নির্মাণ। (প্রকল্পের স্থান- আজিমপুর, ঢাকা)
  - ঢাকার মহাখালীতে সরকারি-বেসরকারি অংশীদারিত্বের ভিত্তিতে ৪৬৬২টি ফ্ল্যাট সম্বলিত বহুতল এপার্টমেন্ট ভবন নির্মাণ। (প্রকল্পের স্থান- মহাখালী, ঢাকা)
  - ভবন সুরক্ষা এবং দুর্যোগ ঝুঁকি প্রতিরোধ কারিগরী প্রকল্প। (প্রকল্পের স্থান- ঢাকা, চট্টগ্রাম ও সিলেট)
  - এছাড়া বিভিন্ন মন্ত্রণালয়ের এডিপিভুক্ত প্রকল্প বাস্তবায়ন কাজ।

**২০১৮-১৯ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- সরকারী কর্মকর্তা/কর্মচারীদের জন্য ২০০০ টি আবাসিক ফ্ল্যাট ১.০০ লক্ষ বর্গফুট হোস্টেল ডরমিটরী নির্মিত হবে। বিভিন্ন সরকারী দপ্তরের জন্য আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত ২.৫০ লক্ষ বর্গফুট অফিস স্পেস, ৫.০ কিলোমিটার অভ্যন্তরীন রাস্তা নির্মাণ করা হবে। তাছাড়াও সোলার প্যানেল স্থাপনের মাধ্যমে ৩০.০ কিলোওয়াট বিদ্যুৎ উৎপন্ন করা হবে এবং ১০টি ডিপ-টিউবওয়েলসহ ১টি এসটিপি স্থাপন করা হবে। একই সাথে ২৬.০০ লক্ষ বর্গমিটার সরকারী স্থাপনার মেরামত ও রক্ষণাবেক্ষণ নিশ্চিত করা হবে।

# উপক্রমণিকা (Preamble)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন গণপূর্ত অধিদপ্তরের
অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা গণপূর্ত জোন

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন গণপূর্ত অধিদপ্তরের প্রধান প্রকৌশলী -এর মধ্যে
২০১৮ সালের জুন মাসে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন-১

গণপূর্ত অধিদপ্তরের রূপকল্প,(Vision) অভিলক্ষ্য(Mission) , কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প:(Vision)

রূপকল্প ২০২১ কে সামনে রেখে সরকারের উন্নয়ন পরিকল্পনার আওতায় উন্নয়নশীল দেশের সকল চ্যালেঞ্জ মোকাবেলা পূর্বক যুগোপযোগী অবকাঠামো নির্মাণসহ প্রাতিষ্ঠানিক ও আবাসিক সুবিধাদি সুনিশ্চিত করা।

### ১.২ অভিলক্ষ্য:(Mission)

সর্বশেষ প্রকৌশল প্রযুক্তিগত কলাকৌশলের সর্বোত্তম প্রয়োগের দ্বারা পরিবেশ বান্ধব, নিরাপদ ও টেকসইভাবে সকল প্রকার সরকারি দপ্তর, বাসভবন ও অন্যান্য স্থাপনা নির্মাণ করা এবং সরকারি কেপিআই স্থাপনাসমূহ সহ সকল প্রকার সরকারী অবকাঠামো সমূহের সুষ্ঠু রক্ষণাবেক্ষণ কাজ।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ:(Strategic Objectives)

#### ১.৩.১ গণপূর্ত অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

১. টেকসই, নিরাপদ ও সাশ্রয়ী আবাসনের সুযোগ সম্প্রসারণ।
২. পরিকল্পিত নগরায়নে অংশীদারিত্বমূলক কার্যকর ভুমিকা রাখা।
৩. সরকারি/ আধাসরকারি/ স্বায়ত্বশাসিত দপ্তরসমূহের জন্য অধিক সুযোগ-সুবিধাসম্পন্ন ভবন/অফিস/ অবকাঠামোর উন্নয়ন।
৪. সুষ্ঠু রক্ষণাবেক্ষণের মাধ্যমে সরকারি ভবন ও অবকাঠামোসমূহের স্থায়িত্ব বজায় রাখা।
৫. সরকারি মালিকানাধীন জমির সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিতকরণ।
৬. ভুকম্পন সহনীয় প্রকৌশল প্রযুক্তির প্রয়োগের মাধ্যমে পুরনো ভবনসমূহের আয়ুস্কাল বৃদ্ধি করা।

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির বাস্তবায়ন।
২. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন।
৩. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন।
৪. কার্য পদ্ধতি ও সেবার মান উন্নয়ন।
৫. কর্মপরিবেশ উন্নয়ন
৬. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

### ১.৪ কার্যাবলি) (Functions):(

১. সরকারি ভবন এবং স্থাপনা নির্মাণ ও রক্ষণাবেক্ষণ।
২. সরকারি পরিত্যাক্ত সম্পত্তির সুষ্ঠ রক্ষণাবেক্ষণ এবং ব্যবস্থাপনা নিশ্চিত করা।
৩. নির্মাণ সামগ্রীর মূল্যমানের স্থিতিশীলতায় ভুমিকা রাখা।
৪. কেপিআই স্থাপনাসহ অন্যান্য সরকারি স্থাপনা নির্মাণ ও রক্ষণাবেক্ষণ।
৫. সরকারি বিভিন্ন স্থাপনার কাঠামো নকশা প্রস্তুত।
৬. বিভিন্ন স্মৃতিস্তম্ভ এবং ঐতিহাসিক স্থাপনাসমূহের পুননির্মাণ, রক্ষণাবেক্ষণ এবং সংস্কার।
৭. পাবলিক উদ্যানসমূহের রক্ষণাবেক্ষণ এবং উন্নয়ন।
৮. সরকারি অফিস ও বাসভবনের ভাড়া নির্ধারণ।
৯. কর বর্হিভুত রাজস্ব (এনটিআর) আদায়।
১০. সিডিউল অব রেটস্ প্রণয়ন।

## সেকশন২

## গণপূর্ত অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সুচকসমূহ | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০১৮-১৯ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | | ২০১৯-২০ | ২০২০-২১ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| প্রজাতন্ত্রের কর্মচারীদের বসবাসের জন্য আবাসিক ফ্ল্যাট নির্মাণ | ফ্ল্যাটের সংখ্যা | সংখ্যা | ২০.৭৫ (লক্ষ বর্গফুট) | ১০.০০ (লক্ষ বর্গফুট) | ২০০০ | ২৪০০ | ২৮০০ | গণপূর্ত অধিদপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়সহ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ | গণপূর্ত অধিদপ্তর ও গণপূর্ত অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের সরকারি কোয়ার্টার/ডরমিটরি/হোস্টেল ইত্যাদি নির্মানের বার্ষিক প্রতিবেদন |
| সরকারি দপ্তরসমূহের অফিসস্পেস বৃদ্ধির মাধ্যমে সরকারি কাজে গতিশীলতা আনয়ন | নির্মিত অফিস ভবনের পরিমান | লক্ষ বর্গফুট | ১৫.০০ | ১.৭৪ | ২.৫০ | ৩.৫০ | ৪.০০ | গণপূর্ত অধিদপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়সহ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ | গণপূর্ত অধিদপ্তর ও গণপূর্ত অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের সরকারি অফিস স্পেস নির্মানের বার্ষিক প্রতিবেদন |
| চলাচলের সুবিধা সৃষ্টি | নির্মিত অভ্যন্তরীন রাস্তার দৈর্ঘ্য | কিলোমিটার | ২০ | ৮ | ৫.০ | ৬.০ | ৬.৫ | গণপূর্ত অধিদপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়সহ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ | গণপূর্ত অধিদপ্তর ও গণপূর্ত অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের অভ্যন্তরীন রাস্তা নির্মানের বার্ষিক প্রতিবেদন |

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সুচকসমূহ | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০১৮-১৯ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্হাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | | ২০১৯-২০ | ২০২০-২১ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| Energy-efficient ভবন নির্মাণ | স্থাপিত সৌর বিদ্যুতের পরিমান | কিলোওয়াট | -- | -- | ৩০ | ৪০ | ৫০ | গণপূর্ত অধিদপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়সহ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ | গণপূর্ত অধিদপ্তর ও গণপূর্ত অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের বিদ্যুৎ উৎপাদনের বার্ষিক প্রতিবেদন |
| ভূমিকম্প সহনীয় প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে বিদ্যমান পুরাতন স্থাপনার আয়ুস্কাল বৃদ্ধি | পুরাতন স্থাপনা পরীক্ষাকরণ | % | ৩৮ (হাজার বর্গফুট) | ৩ (হাজার বর্গফুট) | ৬.৬৭ | ৮ | ১০ | গণপূর্ত অধিদপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | গণপূর্ত অধিদপ্তর কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক(provisional)তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য ,অগ্রাধিকার ,কার্যক্রম ,কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ (Target /Criteria Value for FY 2018-19) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| ১.০ স্বল্প ও মধ্যম আয়ের পরিবারের জন্য টেকসই, নিরাপদ ও সাশ্রয়ী আবাসনের সুযোগ সম্প্রসারণ; | ২০.০ | ১.১ প্রজাতন্ত্রের কর্মচারীদের বসবাসের জন্য আবাসিক ফ্ল্যাট নির্মাণ | ১.১.১ ফ্ল্যাটের সংখ্যা | সংখ্যা | ১২ | ৭.৪২ | ৩.৫ | ২০০০ | ১৮০০ | ১৬০০ | ১৪০০ | ১২০০ | ২৪০০ | ২৮০০ |
| | | | ১.১.২ নির্মিত ডরমিটরি, হোষ্টেল, অফিস মেস ইত্যাদি নির্মাণ | লক্ষ বর্গফুট | ৬ | ৩.২৩ | ০.৭৯ | ১.০০ | ০.৯ | ০.৮ | ০.৭ | ০.৬ | ১.৫ | ২.০ |
| | | ১.২ প্রকল্প এলাকায় আভ্যন্তরীণ রাস্তা নির্মাণ | ১.২.১ নির্মিত রাস্তার দৈর্ঘ্য | কিলোমিটার | ১ | ৯.১৯ | ২.৮ | ৫.০০ | ৪.৫ | ৪.০ | ৩.৫ | ৩.০ | ৬.০ | ৬.৫ |
| | | ১.৩ অতিঝুকিপূর্ণ সরকারি ভবনের তালিকা প্রস্তুতকরণ | ১.৩.১ তালিকা প্রস্তুতকৃত | % | ১ | -- | -- | ২৫ | ২২.৫ | ২০ | ১৭.৫ | ১৫ | ৩০ | ৩৫ |
| ২.০ পরিকল্পিত নগরায়ন | ১৮.০ | ২.১ ইকোপার্ক/উন্মুক্ত মাঠ নির্মাণ/উন্নয়ন/ব্যবহার উপযোগি করা | ২.১.১ নির্মিত পার্ক/মাঠ এর ক্ষেত্রফল | একর | ২ | ১.৭০ | -- | -- | -- | -- | -- | -- | -- | -- |
| | | ২.২ জলাশয়/পুকুর খনন/সংস্কার | ২.২.১ জলাশয়/পুকুর খনন/সংস্কার এর সংখ্যা | সংখ্যা | ২ | ১.০ | -- | -- | -- | -- | -- | -- | -- | -- |
| | | ২.৩ বৃক্ষ রোপণ | ২.৩.১ রোপনকৃত গাছের সংখ্যা | সংখ্যা | ৩ | ১৬৯০ | ১৬১০ | ১০০০ | ৯০০ | ৮০০ | ৭০০ | ৬০০ | ১৫০০ | ১৮০০ |
| | | ২.৪ পুরনো/পরিত্যাক্ত স্থাপনা অপসারণ পূর্বক বহুতল ভবন নির্মাণ | ২.৪.১ নির্মিত ভবনের ক্ষেত্রফল | লক্ষ বর্গফুট | ২ | ০.৭৫ | -- | ০.২০ | ০.১৮ | ০.১৬ | ০.১৪ | ০.১২ | ০.৪০ | ০.৭০ |
| | | ২.৫ ক্লাব, কমিউনিটি সেন্টার, অডিটোরিয়াম, মসজিদ ইত্যাদি নতুন নির্মাণ/ আধুনিকায়ন | ২.৫.১ নির্মিত স্থাপনার সংখ্যা | সংখ্যা | ৩ | ৪ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ২ | ৩ |
| | | ২.৬ লিফট, জেনারেটর, সাব-ষ্টেশন, মটর ইত্যাদি ইলেক্ট্র-মেকানিক্যাল যন্ত্রপাতি স্থাপন | ২.৬.১ যন্ত্রপাতির সংখ্যা | সংখ্যা | ৩ | ৩ | ১ | ১৫ | ১৩ | ১২ | ১০ | ৯ | ২০ | ২৫ |
| | | ২.৭ পরিবেশ সম্মত উপায়ে পয়-নিস্কাশন ব্যবস্থা নিশ্চিত করনের লক্ষ্যে এসটিপি নির্মাণ | ২.৭.১ নির্মিত এসটিপি সংখ্যা | সংখ্যা | ৩ | ৪ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ২ | ৩ |
| ৩.০ সরকারি/ আধাসরকারি/ স্বায়ত্তশাসিত দপ্তরসমূহের জন্য অধিক সুযোগ-সুবিধাসম্পন্ন | ১৫.০ | ৩.১ কাঠামোগত নকশা প্রণয়ন | ৩.১.১ প্রণয়নকৃত নকশার সংখ্যা | সংখ্যা | ৪ | -- | -- | -- | -- | -- | -- | -- | -- | -- |
| | | ৩.২ সরকারি দপ্তরসমূহের জন্য অফিস স্পেস নির্মাণ। | ৩.২.১ নির্মিত দপ্তরসমূহের ক্ষেত্রফল | লক্ষ বর্গফুট | ৪ | ৬.১৩ | ০.৬১ | ২.৫০ | ২.২৫ | ২ | ১.৭৫ | ১.৫ | ৩.৫০ | ৪.০০ |
| | | ৩.৩ পার্কিং সম্বলিত সুবিধাদি প্রদান | ৩.৩.১ পার্কিং এর সংখ্যা | সংখ্যা | ২ | ৪৪ | ১০ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ৫৫ | ৬০ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ (Target /Criteria Value for FY 2018-19) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| ভবন/অফিস/ অবকাঠামোর উন্নয়ন | | ৩.৪ নিরাপদ, সুপেয় পানি সরবরাহের লক্ষ্যে ডিপ টিউবওয়েল স্থাপন | ৩.৪.১ স্থাপিত ডিপটিউবওয়েলের সংখ্যা | সংখ্যা | ২ | ২৪ | ৪ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১২ | ১৩ |
| | | ৩.৫ সোলার প্যানেল স্থাপন | ৩.৫.১ উৎপাদিত বিদ্যুতের পরিমান | কিলোওয়াট | ২ | ৮.৬৭ | ১ | ৩০ | ২৭ | ২৪ | ২১ | ১৮ | ৩৫ | ৪০ |
| | | ৩.৬ সুইমিং পুল নির্মাণ | ৩.৬.১ নির্মিত পুলের সংখ্যা | সংখ্যা | -- | -- | ১ | -- | -- | -- | -- | -- | -- | -- |
| | | ৩.৭ রেইন ওয়াটার হার্ভেস্টিং সুবিধাদি নির্মাণ | ৩.৭.১ নির্মিত স্থাপনার সংখ্যা | সংখ্যা | ১ | ৪ | ১ | ৩ | ২ | ২ | ১ | ১ | ৪ | ৫ |
| ৪.০ সুষ্ঠু রক্ষণাবেক্ষণের মাধ্যমে সরকারি জমি, ভবন ও অবকাঠামোর স্থায়িত্ব বৃদ্ধিকরণ। | ১২.০ | ৪.১ ভূমিকম্প সহনীয় প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে বিদ্যমান পুরাতন স্থাপনার আয়ুস্কাল বৃদ্ধি | ৪.১.১ পুরাতন স্থাপনা পরীক্ষাকরণ | % | ৩ | ৩৮ (হাজার বর্গফুট) | ৩ (হাজার বর্গফুট) | ৬.৬৭ | ৬ | ৫.৩৩ | ৪.৬৭ | ৪ | ৮ | ১০ |
| | | ৪.২ সরকারী ভবন ও স্থাপনার রক্ষণাবেক্ষণ | ৪.২.১ রক্ষণাবেক্ষণকৃত সরকারি স্থাপনার ক্ষেত্রফল | লক্ষ বর্গমিটার | ৫ | ২৫.২০ | ২৬.০০ | ২৬.০০ | ২৩.৪ | ২০.৮ | ১৮.২ | ১৫.৬ | ২৭.০০ | ২৮.০০ |
| | | | ৪.২.২ KPI রক্ষণাবেক্ষণ | লক্ষ বর্গমিটার | ১ | -- | -- | ৪ | ৩.৬ | ৩.২ | ২.৮ | ২.৪ | ৪ | ৪ |
| | | | ৪.২.৩ রক্ষণাবেক্ষণকৃত পার্কের ক্ষেত্রফল। | একর | ২ | ২১০ | ২১০ | ২১০ | ১৮৯ | ১৬৮ | ১৫৭ | ১২৬ | ২১০ | ২১০ |
| | | | ৪.২.৪ রমনাপার্কে মহিলা, শিশু বৃদ্ধ প্রতিবন্ধীবান্ধব পৃথক স্থান চিহ্নিতকরণ | একর | -- | -- | ৫ | -- | -- | -- | -- | -- | -- | -- |
| | | | ৪.২.৫ বিভিন্ন সরকারি ভবনের লিফট, জেনারেটর, সাব-ষ্টেশন, মটর ইত্যাদি ইলেক্ট্রো/মেকানিক্যাল যন্ত্রপাতির রক্ষণাবেক্ষণ | সংখ্যা | ১ | ৫ | ২ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ৫৫ | ৬০ |
| ৫.০ সরকারি মালিকানাধীন জমির সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিতকরণ। | ১০.০ | ৫.১ অধিগ্রহণকৃত সম্পত্তির ডাটাবেজ চূড়ান্তকরণ, সংরক্ষণ ও আর্কাইভকরণ | ৫.১.১ ডাটাবেজ চূড়ান্তকরণের তারিখ | তারিখ | ৮ | ৩০/০৬/১৭ | ৩০/০৬/১৮ | ৩০/০৬/১৯ | ৩০/০৬/১৯ | ৩০/০৬/১৯ | ৩০/০৬/১৯ | ৩০/০৬/১৯ | ৩০/০৬/২০ | ৩০/০৬/২১ |
| | | ৫.২ অবৈধ দখলদার উচ্ছেদ | ৫.২.১ উচ্ছেদকৃত জমির পরিমান | একর | ২ | -- | ১.৭৫ | ১ | ০.৯ | ০.৮ | ০.৭ | ০.৬ | ১.২ | ১.৪ |

# দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ
## (মোট মান-২৫)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান- ২০১৮-১৯ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| ১.০ কার্যপদ্ধতি কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ১০ | ১.১ ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ১.১.১ ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | ১.১.২ ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | | ১.১.৩ ই-ফাইলে পত্র জারীকৃত | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | ১.২ অনলাইন সেবা চালু করা | ১.২.১ ন্যূনতম একটি নতুন ই-সার্ভিস চালুকৃত | তারিখ | ১ | ১৫ জানুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ৩১ মার্চ, ২০১৯ | ৩০ এপ্রিল, ২০১৯ | ৩০ মে, ২০১৯ |
| | | ১.৩ উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন | ১.৩.১ ডাটাবেজ অনুযায়ী ন্যূনতম দুটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১ | ১১ মার্চ, ২০১৯ | ১৮ মার্চ, ২০১৯ | ২৫ মার্চ, ২০১৯ | ১ এপ্রিল, ২০১৯ | ৮ এপ্রিল, ২০১৯ |
| | | ১.৪ প্রতিটি শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়ন ও বিনষ্ট করা | ১.৪.১ বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণীত | তারিখ | ০.৫ | ১০ জানুয়ারি, ২০১৯ | ১৭ জানুয়ারি, ২০১৯ | ২৪ জানুয়ারি, ২০১৯ | ২৮ জানুয়ারি, ২০১৯ | ৩১ জানুয়ারি, ২০১৯ |
| | | | ১.৪.২ প্রণীত তালিকা অনুযায়ী বিনষ্টকৃত নথি | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | ১.৫ সিটিজেন চার্টার বাস্তবায়ন | ১.৫.১ হালনাগাদকৃত সিটিজেন চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | | ১.৫.২ সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর, ২০১৮ | ১৫ জানুয়ারি, ২০১৯ | ০৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ |
| | | ১.৬ অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | ১.৬.১ নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| | | | ১.৬.২ অভিযোগ নিষ্পত্তির বিষয়ে অভিযোগকারীকে অবহিতকরণ | % | ০.৫ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| | | ১.৭ পিআরএল শুরুর ২মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারী করা | ১.৭.১ পিআরএল আদেশ জারিকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | | |
| | | | ১.৭.২ ছুটি নগদায়নপত্র জারীকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | | |
| ২.০ আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনা উন্নয়ন | ৮ | ২.১ অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ২.১.১ ত্রিপক্ষীয় সভায় নিষ্পত্তির জন্য সুপারিশকৃত অডিট আপত্তি | % | ০.৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | ২.১.২ অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | ২.২ স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | ২.২.১ স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ মার্চ, ২০১৯ | ২৫ এপ্রিল, ২০১৯ |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান- ২০১৮-১৯ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | ২.২.২ অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ মার্চ, ২০১৯ | ২৫ এপ্রিল, ২০১৯ |
| | | ২.৩ বাজেট বাস্তবায়নে উন্নয়ন | ২.৩.১ বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) প্রণীত | সংখ্যা | ০.৫ | ১ | -- | -- | -- | -- |
| | | | ২.৩.২ ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ৪ | ৩ | | | |
| | | ২.৪ বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়ন | ২.৪.১ বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়িত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | ২.৫ বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | ২.৫.১ ক্রয় পরিকল্পনা বাস্তবায়িত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | ২.৬ অব্যবহৃত/অকেজো যানবাহন বিদ্যমান নীতিমালা অনুযায়ী নিষ্পত্তিকরণ | ২.৬.১ নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | |
| | | ২.৭ বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা | ২.৭.১ বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | ২.৮ শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | ২.৮.১ নিয়োগ প্রদানকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ৪০ |
| ৩.০ জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৪ | ৩.১ জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন | ৩.১.১ নির্ধারিত সময়ে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | | | |
| | | | ৩.১.২ জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো অন্তর্ভুক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়িত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | ৩.২ তথ্য বাতায়ন হালনাগাদকরণ | ৩.২.১ সকল তথ্য ও অনলাইন সেবা ৩৩৩ সহ তথ্য বাস্তবায়নে সংযোজিত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | | |
| | | ৩.৩ মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | ৩.৩.১ বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর, ২০১৮ | ২৯ অক্টোবর, ২০১৮ | ১৫ নভেম্বর, ২০১৮ | ১৩ ডিসেম্বর, ২০১৮ | |
| ৪.০ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | ৪.১ মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর ও ওয়েবসাইটে আপলোড | ৪.১.১ স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ওয়েবসাইটে আপলোডকৃত | তারিখ | ০.৫ | ২৪ জুন, ২০১৮ | ২৬ জুন, ২০১৮ | ২৮ জুন, ২০১৮ | | |
| | | ৪.২ ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল | ৪.২.১ মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ০.৫ | ১৯ আগষ্ট, ২০১৮ | ২৭ আগষ্ট, ২০১৮ | ২৯ আগষ্ট, ২০১৮ | ০৩ সেপ্টেম্বর, ২০১৮ | ০৫ সেপ্টেম্বর, ২০১৮ |
| | | ৪.৩ ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (feedback) প্রদান | ৪.৩.১ ফলাবর্তক (feedback) প্রদত্ত | তারিখ | ১ | ৩১ জানুয়ারি, ২০১৯ | ০৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ১০ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৪ ফেব্রুয়ারি, ২০১৯ |
| | | ৪.৪ সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারিদের জন্য প্রশিক্ষণ আয়োজন | ৪.৪.১ আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘন্টা * | ১ | ৬০ | -- | -- | -- | -- |

আমি, মোঃ আব্দুল হাই, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা গণপূর্ত জোন, গণপূর্ত অধিদপ্তরের প্রধান প্রকৌশলী- এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মোহাম্মদ রফিকুল ইসলাম, প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর- এর প্রতিনিধি হিসাবে অতিরিক্ত প্রধান প্রকৌশলী, মোঃ আব্দুল হাই- এর নিকট অঙ্গীকার করছি যে ,এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| অতিরিক্ত প্রধান প্রকৌশলী<br>ঢাকা গণপূর্ত জোন | ২০/৫/২৫<br>তারিখ- |

| | |
|---|---|
| প্রধান প্রকৌশলী<br>গণপূর্ত অধিদপ্তর | ২২/০৫/২০২৫<br>তারিখ- |

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | গৃগম | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় |
| ২ | CNCRP | Project for capacity Development on Natural Disaster-Resistant Techniques of Construction and Retrofitting for Public Buildings. |

## সংযোজনী- ২:

### কর্মসম্পাদন সূচকসমূহ ,বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি- এর বিবরণ

| ক্রমিক নম্বর | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | বিবরণ | বাস্তবায়নকারী মন্ত্রণালয়/অধিদপ্তর/দপ্তর | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ১.১ প্রজাতন্ত্রের কর্মচারীদের বসবাসের জন্য আবাসিক ফ্ল্যাট নির্মাণ | ১.১.১ ফ্ল্যাটের সংখ্যা | | | | |
| | | ১.১.২ নির্মিত ডরমিটরি, হোস্টেল, অফিস মেস ইত্যাদি নির্মাণ | | | | |
| | ১.২ প্রকল্প এলাকায় আভ্যন্তরীণ রাস্তা নির্মাণ | ১.২.১ নির্মিত রাস্তার দৈর্ঘ্য | | | | |
| | ১.৩ অতিঝুকিপূর্ণ সরকারি ভবনের তালিকা প্রস্তুতকরণ | ১.৩.১ তালিকা প্রস্তুতকৃত | | | | |
| ২ | ২.১ ইকোপার্ক/উন্মুক্ত মাঠ নির্মাণ/উন্নয়ন/ব্যবহার উপযোগি করা | ২.১.১ নির্মিত পার্ক/মাঠ এর ক্ষেত্রফল | | | | |
| | ২.২ জলাশয়/পুকুর খনন/সংস্কার | ২.২.১ জলাশয়/পুকুর খনন/সংস্কার এর সংখ্যা | | | | |
| | ২.৩ বৃক্ষ রোপণ | ২.৩.১ রোপনকৃত গাছের সংখ্যা | | | | |
| | ২.৪ পুরনো/পরিত্যাক্ত স্থাপনা অপসারণ পূর্বক বহুতল ভবন নির্মাণ | ২.৪.১ নির্মিত ভবনের ক্ষেত্রফল | | | | |
| | ২.৫ ক্লাব, কমিউনিটি সেন্টার, অডিটোরিয়াম, মসজিদ ইত্যাদি নতুন নির্মাণ/ আধুনিকায়ন | ২.৫.১ নির্মিত স্থাপনার সংখ্যা | | | | |
| | ২.৬ লিফট, জেনারেটর, সাব-ষ্টেশন, মটর ইত্যাদি ইলেক্ট্রো-মেকানিক্যাল যন্ত্রপাতি স্থাপন | ২.৬.১ যন্ত্রপাতির সংখ্যা | | | | |
| | ২.৭ পরিবেশ সম্মত উপায়ে পয়-নিস্কাশন ব্যবস্থা নিশ্চিত করনের লক্ষ্যে এসটিপি নির্মাণ | ২.৭.১ নির্মিত এসটিপি সংখ্যা | | | | |
| ৩ | ৩.১ কাঠামোগত নকশা প্রণয়ন | ৩.১.১ প্রণয়নকৃত নকশার সংখ্যা | | | | |
| | ৩.২ সরকারি দপ্তরসমূহের জন্য অফিস স্পেস নির্মাণ। | ৩.২.১ নির্মিত দপ্তরসমূহের ক্ষেত্রফল | | | | |
| | ৩.৩ পার্কিং সম্বলিত সুবিধাদি প্রদান | ৩.৩.১ পার্কিং এর সংখ্যা | | | | |

| ক্রমিক নম্বর | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | বিবরণ | বাস্তবায়নকারী মন্ত্রণালয়/অধিদপ্তর/দপ্তর | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | ৩.৪ নিরাপদ, সুপেয় পানি সরবরাহের লক্ষ্যে ডিপ টিউবওয়েল স্থাপন | ৩.৪.১ স্থাপিত ডিপটিউবওয়েলের সংখ্যা | | | | |
| | ৩.৫ সোলার প্যানেল স্থাপন | ৩.৫.১ উৎপাদিত বিদ্যুতের পরিমান | | | | |
| | ৩.৬ সুইমিং পুল নির্মাণ | ৩.৬.১ নির্মিত পুলের সংখ্যা | | | | |
| | ৩.৭ রেইন ওয়াটার হার্ভেস্টিং সুবিধাদি নির্মাণ | ৩.৭.১ নির্মিত স্থাপনার সংখ্যা | | | | |
| ৪ | ৪.১ ভূমিকম্প সহনীয় প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে বিদ্যমান পুরাতন স্থাপনার আয়ুস্কাল বৃদ্ধি | ৪.১.১ পুরাতন স্থাপনা পরীক্ষাকরণ | | | | |
| | ৪.২ সরকারী ভবন ও স্থাপনার রক্ষণাবেক্ষণ | ৪.২.১ রক্ষণাবেক্ষণকৃত সরকারি স্থাপনার ক্ষেত্রফল | | | | |
| | | ৪.২.২ KPI রক্ষণাবেক্ষণ | | | | |
| | | ৪.২.৩ রক্ষণাবেক্ষণকৃত পার্কের ক্ষেত্রফল। | | | | |
| | | ৪.২.৪ রমনাপার্কে মহিলা, শিশু বৃদ্ধ প্রতিবন্ধীবান্ধব পৃথক স্থান চিহ্নিতকরণ | | | | |
| | | ৪.২.৫ বিভিন্ন সরকারি ভবনের লিফট, জেনারেটর, সাব-ষ্টেশন, মটর ইত্যাদি ইলেক্ট্রো/মেকানিক্যাল যন্ত্রপাতির রক্ষণাবেক্ষণ | | | | |
| ৫ | ৫.১ অধিগ্রহণকৃত সম্পত্তির ডাটাবেজ চূড়ান্তকরণ, সংরক্ষণ ও আর্কাইভকরণ | ৫.১.১ ডাটাবেজ চূড়ান্তকরণের তারিখ | | | | |
| | ৫.২ অবৈধ দখলদার উচ্ছেদ | ৫.২.১ উচ্ছেদকৃত জমির পরিমান | | | | |

**সংযোজনী ৩ :** অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার.......... নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |